

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৮০২

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ৯. দ্বিতীয় অনুচ্ছেদ - বক্তৃতা ও কবিতা আবৃত্তি

আরবী

رَعَنْ

أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «مَنْ تَعَلَّمَ صَرْفَ الْكَلَامِ لِيَسْبِيَ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «مَنْ تَعَلَّمَ صَرْفًا وَلَا عدلا» . رَوَاهُ أَبُو بِهِ قُلُوبَ الرِّجَالِ أَوِ النَّاسِ لَمْ يَقْبَلِ اللَّهُ مِنْهُ يَوْمَ الْقِيَامَةِ صَرْفًا وَلَا عدلا» . رَوَاهُ أَبُو دَاوُد

বাংলা

৪৮০২-[২০] আবূ হুরায়রা (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে ব্যক্তি এমন কিছু কথা শিক্ষা করে, যাতে পুরুষদের বা লোকেদের অন্তরকে আকৃষ্ট এবং সম্মোহিত করা যায়, আল্লাহ তা'আলা কিয়ামতের দিন তার নফল ও ফর্য ('ইবাদাত) কোনটাই কবুল করবেন না। (আবূ দাউদ)[1]

ফুটনোট

[1] য'ঈফ , আবূ দাউদ ৫০০৬, য'ঈফুল জামি' ৫৫২৯, য'ঈফ আত্ তারগীব ওয়াত্ তারহীব ৮৭, শু'আবুল ঈমান ৪৯৭৪।

হাদীসটি য'ঈফ হওয়ার কারণ, এর সনদে আছে "যহুগক ইবনু শুরাহবীল" নামের একজন বর্ণনাকারী। ইনি একজন মিসরী। ইবনু ইউনুস তাকে মিসরীয়দের ইতিহাস নামক গ্রন্থে উল্লেখ করেছেন। ইমাম বুখারী ও ইবনু আবী হাকিম (রহিমাহুল্লাহ)-ও তার আলোচনা করেছেন কিন্তু তারা কোন সাহাবী থেকে তার হাদীস বর্ণনার কথা উল্লেখ করেননি। তার বর্ণনা কেবলামাত্র তাবি'ঈদের থেকে আর অত্র হাদীসটি তিনি আবূ হুরায়রা থেকে বর্ণনা করেছেন, এ কারণেই হাদীসটি মুনকত্বি' হওয়ার সমূহ সম্ভাবনা থেকে গেছে। দেখুন- 'আওনুল মা'বূদ ১৩/২৩৮ পৃঃ, হাঃ ৫০০৬।

ব্যাখ্যা



ব্যাখ্যাঃ عدك তাওবাহ্ অথবা নফল 'ইবাদাত। মুক্তিপণ অথবা ফরয 'ইবাদাত। (মিরক্বাতুল মাফাতীহ, 'আওনুল মা'বূদ ৮ম খন্ড, হাঃ ৪৯৯৮)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন